গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগের জুলাই, ২০২৩-এর মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৬ জুলাই ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩.০০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের কর্মকাণ্ডকে আরো বেগবান করে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-কে অনুরোধ জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন :

| **ক্রম** | **বিষয় ও আলোচনা** | **সিদ্ধান্তসমূহ** | **বাস্তবায়নে** |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | মসবৈ-২০(১০)/২০২২, তারিখ: ১০ অক্টোবর ২০২২<br>**বিষয়-১ : 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২'-এর খসড়ার নীতিগত/চূড়ান্ত অনুমোদন**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনমূলক কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২২'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইলো।<br>"জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩" এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদনের প্রেক্ষিতে বিলের সাথে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন থাকায় সংবিধানের অনুচ্ছেদ ৮২ অনুযায়ী বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপনের পূর্বে মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। অর্থ বিভাগ "জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩ শীর্ষক বিল জাতীয় সংসদে উত্থাপনের লক্ষ্যে মহামান্য রাষ্টপ্রপতির সানুগ্রহ অনুমোদন সংবলিত সার-সংক্ষেপ পরবর্তী কার্যত্রম গ্রহণের জন্য ০৬ জুলাই ২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করেছে।<br>**"জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩" শীর্ষক বিল মহান জাতীয় সংসদ এর আগামি অধিবেশনে উত্থাপনের নিমিত্ত মন্ত্রী মহোদয়ের অনুমতির জন্য নথি উপস্থাপন করা হয়েছে।** | 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন ২০২৩' শীর্ষক বিল মহান জাতীয় সংসদ এর আগামী অধিবেশনে উপস্থাপনের নিমিত্ত দ্রুত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহি-২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২/৫ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৩ | **মসবৈ-১৭(০৮)/২০২২, তারিখ : ১১ আগস্ট ২০২২।**<br>**বিষয় : বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন।**<br>বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে ২৫ মে ২০২২ তারিখে স্বাক্ষরিত চুক্তি অনুসমর্থনের প্রস্তাব ১১ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন করা হয়েছে। বাংলাদেশের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। চুক্তিটি বাস্তবায়নের নিমিত্ত সার্বিয়ার অভ্যন্তরীণ কার্যপদ্ধতি সম্পন্ন হয়েছে কিনা তা জানানোর জন্য ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি বাস্তবায়নের জন্য ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/উপসচিব (বহিঃ ২/৫ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত : বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি ২৮ অক্টোবর ২০১৯ তারিখে অনুমোদন লাভ করে। চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে সাউথ আফ্রিকার বর্তমান অবস্থান এবং হালনাগাদ সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগকে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে ২৪ মার্চ ২০২১ এবং ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পত্র প্রদান করা হয়। সাউথ আফ্রিকা সরকার চুক্তিটি স্বাক্ষরের ব্যাপারে আগ্রহ দেখিয়েছে। অদূর ভবিষ্যতে চুক্তিটি স্বাক্ষরিত হতে পারে বলে আশা করা যায় মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পত্র মারফত এ বিভাগকে জানানো হয়েছে। | বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে পরবর্তী কার্যক্রম সম্পাদনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **মসবৈ-০৭(০৪)/২০২৩, তারিখ : ১০ এপ্রিল ২০২৩**<br><br>**বিষয়-৩ : বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত 'Memorandum of Understanding (MoU) Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Iraq on Visa Exemption for holders of Diplomatic, official and Service Passport' এর খসড়ার অনুমোদন।**<br><br>**সিদ্ধান্ত** : ১৭। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত 'Memorandum of Understanding (MoU) Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Iraq on Visa Exemption for holders of Diplomatic, official and Service Passport' এর খসড়ার অনুমোদন করা হইল।<br><br>বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত খসড়া চুক্তিটি ১০ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন করা হয়। সমঝোতা স্মারকটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৭ এপ্রিল ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত খসড়া চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১১ | **মসবৈ-০৮(০৫)/২০২৩, তারিখ : ১৮ মে ২০২৩ :**<br><br>**বিষয়-৫ : বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে স্বাক্ষরিত 'Agreement between The Argentine Republic and The People's of Bangladesh on Visa Exemption for holders of Diplomatic and Official Passport' শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন।**<br><br>**সিদ্ধান্ত :** ২১। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে স্বাক্ষরিত 'Agreement between The Argentine Republic and The People's of Bangladesh on Visa Exemption for holders of Diplomatic and Official Passport' শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হইল।<br><br>বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি চুক্তিটি ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে স্বাক্ষরিত হয়েছে। ১৮ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হয়। বাংলাদেশের পাসপোর্ট আর্জেন্টিনা প্রেরণের জন্য ৩০ মে ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আর্জেন্টিনার পাসপোর্টের কপি পাওয়া যায়নি। চুক্তিটি কার্যকর ও বাস্তবায়নের লক্ষ্যে ২৯ মে ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। চুক্তিটি এখনো কার্যকর হয়নি। | বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি চুক্তিটি কার্যকর ও বাস্তবায়নের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **মসবৈ-২২(১২)/২০২১, তারিখ : ১৯ ডিসেম্বর ২০২১**<br><br>**বিষয় : বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'- শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ১) বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য এ বিভাগের পক্ষ হতে আর কিকি কার্যক্রম অবশিষ্ট আছে তা পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগ করে দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br><br>বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। পরবর্তীতে মালদ্বীপ সরকার উক্ত অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব নোট ভারবালের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয় ০৪ জানুয়ারি ২০২২ তারিখে যাচাইয়ের জন্য এ বিভাগে প্রেরণ করে। উক্ত সংশোধনীর উপর এ বিভাগ ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে সংশোধনী চুক্তিসহ কার্যবিবরণী ১১ অক্টোবর ২০২২ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে। ১১ ডিসেম্বর ২০২২ তারিখে চুক্তিটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়াসহ অগ্রগতি সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় ১৮ ডিসেম্বর ২০২২ তারিখে জানিয়েছে যে, সংশোধনী প্রস্তাবটি মালদ্বীপ কর্তৃপক্ষকে যথাযথভাবে প্রেরণ করা হলেও মালদ্বীপ কর্তৃপক্ষের কোনো মতামত/মন্তব্য অদ্যাবধি পাওয়া যায়নি। পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সংশোধনী প্রস্তাবটির উপর সংশ্লিষ্ট মালদ্বীপ কর্তৃপক্ষের মতামত প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছে এবং নিয়মিত যোগাযোগ অব্যাহত আছে। পুনরায় ১৫ মে ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে ২য় তাগিদপত্র দেয়া হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় ১৬ মে ২০২৩ তারিখে জানিয়েছে সংশোধনী প্রস্তাবটি মালদ্বীপ কর্তৃপক্ষকে যথাযথভাবে প্রেরণ করা হলেও মালদ্বীপ কর্তৃপক্ষের কোনো মতামত/মন্তব্য/সংশোধনী প্রস্তাব অদ্যাবধি পাওয়া যায়নি। পররাষ্ট্র মন্ত্রণালয় উক্ত সংশোধনী প্রস্তাবটির উপর সংশ্লিষ্ট মালদ্বীপ কর্তৃপক্ষের মতামত প্রেরণের জন্য অনুরোধ জানিয়েছে এবং এ বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে বলে পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানানো হয়েছে। | বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/সিনিয়র সহকারী সচিব (বহিঃ ১ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬**<br><br>**বিষয়: 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন ।**<br><br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬' ভেটিংপূর্বক এ বিভাগে অদ্যাবধি ফেরত পাওয়া যায়নি। **বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/ উপসচিব (বহিঃ ৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬**<br><br>**বিষয় : ৮.৩-জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। Jail Code-এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**<br><br>সভাকে জানানো হয়, The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন প্রমিতীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগে ০৭ ডিসেম্বর ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছিল। ০৫ জানুয়ারি ২০২৩ তারিখে উক্ত খসড়াটি প্রমিতীকরণ অন্তে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ খসড়ার বিষয়ে আলোচনার জন্য ১২ মার্চ ২০২৩ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া সংশোধন করে পুনরায় এ বিভাগে দাখিলের জন্য ২৫ এপ্রিল ২০২৩ তারিখ কারা অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি সংশোধিত খসড়া এ বিভাগে দাখিল করা হয়নি। ৩০ মে ২০২৩ তারিখে কারা অধিদপ্তরে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে।<br><br>৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় অনুবাদ প্রকাশ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হবে-আইন ও বিচার বিভাগের উদ্যোগে জেল কোড সংশোধনের বিষয়ে আইন ও বিচার বিভাগের ১৭ অক্টোবর ২০১৭ তারিখের ৮৪ নং স্মারকমূলে একটি আন্তঃমন্ত্রণালয় উপকমিটি গঠন করা হয়েছিল। উক্ত উপকমিটি গঠনের পরবর্তীতে দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে। বর্তমানে জেল কোড বিধিমালার খসড়া প্রণয়নের জন্য সুরক্ষা সেবা বিভাগ হতে ২৫ মে ২০২৩ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। | ১)The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর ভাষায় 'কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২' এর খসড়া সংশোধন করে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে এ বিভাগে পুনরায় দাখিল করতে হবে।<br><br>২) যেহেতু বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে, তাই উক্ত এ্যাক্ট এর আলোকে Jail Code-এর খসড়া প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩) Jail Code এর খসড়া প্রণয়ন কার্যক্রম এখনই শুর করতে হবে এবং এর বাস্তবায়ন অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | **আইজি প্রিজন/যুগ্মসচিব (কারা অনুবিভাগ)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১৫ | **মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত: ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।**<br><br>সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনের সংখ্যা ১১টি তন্মধ্যে বহিরাগমন ও | মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৮টি ও কারা অধিদপ্তরের ৩টি ইংরেজি ভাষায় প্রণীত আইন দ্রুত বাংলায় অনুবাদ/প্রণয়ন করার দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অগ্রগতি প্রত্যেক মাসিক | **সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।** |

| | | | |
|---|---|---|---|
| | পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৮টি আইন এবং কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন বিদ্যমান আছে।<br><br>**<u>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :</u>**<br><br>1.The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br><br>2. The Passport Act, 1920)<br><br>3. The Registration of Foreigners Act, 1939<br><br>4. The Foreigners Act, 1946<br><br>5. The Citizenship Act, 1951<br><br>6. The Passport (Offences) Act, 1952<br><br>7. The Control of Entry Act, 1952<br><br>8 . The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972.<br><br>**অগ্রগতি :**<br><br>The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২০ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২২ প্রণয়ন করা হলে, The Bangladesh Passport Order, 1973; The Passport Act, 1920 এবং The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে। বাংলাদেশ পাসপোর্ট আইন-২০২০ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ০৪ জুন ২০২৩ তারিখ অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) এঁর সভাপতিত্বে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>The Citizenship Act, 1951 এবং The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 আইন ২ (দুই)টি সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাংলায় অনুবাদ করার জন্য নির্ধারিত ছিল। তবে, বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া ভেটিং এর জন্য ২৮ মার্চ ২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১০ জানুযারি ২০২১ তারিখে The Registration of Foreigners Act, 1939; The | সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | Foreigners Act, 1946 & The Control of Entry Act, 1952 আইন ৩ (তিন)টি বাংলায় প্রণয়নপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত আদেশ অনুযায়ী ১৬ এপ্রিল ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগ হতে উল্লিখিত আইন ৩ (তিন)টির অনুবাদের সঠিকতার বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগকে অনুরোধ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগের বাংলা ভাষা কোষ কর্তৃক "প্রবেশ নিয়ন্ত্রণ আইন, ১৯৫২; বিদেশি ব্যক্তিবর্গের নিবন্ধন আইন, ১৯৩৯ এবং বিদেশি ব্যক্তিগণের নিবন্ধন আইন, ১৯৪৬" এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রমিতীকরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত প্রাপ্তির পর ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক অনুদিত আইন ৩ (তিন)টি গেজেটে প্রকাশের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মূলনথি প্রেরণ করা হয়েছে।<br><br>**<u>কারা অধিদপ্তর :</u>**<br><br>1.The Prisons Act, 1894<br><br>2.The Bengal Jail Code, 1894<br><br>3.The Prisoners Act, 1900<br><br>অগ্রগতি : বর্তমানে 'Bangladesh Prison's And Correctional Services Act, 2021 প্রণয়ন কার্যক্রম চলমান আছে। বর্ণিত এ আইনের কার্যক্রম সম্পন্ন হলে এর আলোকে The Bengal Jail Code, 1894 এর বাংলায় প্রণয়ন কার্যক্রম শুরু করা হবে। | | |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০২.২৩.২২১

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০

২০ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব